দৈনিক
ইত্তেফাক

তারিখ 08 OCT 2017
পৃষ্ঠা ১৫ কলাম ১

# পালরদী মডেল স্কুল এন্ড কলেজ ৮২ বছরেও জাতীয়করণ হয়নি

■ মো. জামাল উদ্দিন, গৌরনদী (বরিশাল) সংবাদদাতা

দক্ষিণাঞ্চলের অন্যতম প্রচীন বিদ্যাপীঠ উপজেলার ৮২ বছরের প্রাচীনতম শিক্ষাপ্রতিষ্ঠান পালরদী মডেল স্কুল এন্ড কলেজ আজও সরকারিকরণ করা হয়নি। ফলে শিক্ষক-শিক্ষিকা, ছাত্রছাত্রী ও স্থানীয়দের মধ্যে ক্ষোভ বিরাজ করছে।

জানা গেছে, ১৯৩৫ সালে জমিদার মোহন লাল সাহা পালরদী মাধ্যমিক বিদ্যালয়টি প্রতিষ্ঠা করেন। প্রতিষ্ঠার পর থেকেই এ প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা প্রতি বছর কৃতিত্ব অর্জন করে আসছে। এসএসসি ও জেএসসির ফলাফল বিবেচনায় শুধু জেলার মধ্যেই নয়, বরিশাল বিভাগের মধ্যেও বরাবরই সুনাম অর্জন করে আসছে প্রতিষ্ঠানটি। অতীতে যশোর বোর্ডের মধ্যে এ প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা একাধিকবার প্রথমস্থান অধিকার করেছে। বরিশাল বোর্ডের মধ্যেও সেরা বিদ্যাপীঠ হিসেবে তাদের রয়েছে ব্যাপক সুনাম ও সুখ্যাতি। তারই ধারাবাহিকতায় এখনো মাধ্যমিক পরীক্ষায় গৌরনদীসহ পার্শ্ববর্তী উপজেলার শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর মধ্যে এ বিদ্যালয়ের শিক্ষার্থীরা জিপিএ-৫ এবং পাসের তালিকায় ওপরে অবস্থান রয়েছে। এ কারণে প্রতিবছর ভর্তির সময় বিভিন্ন উপজেলার অভিভাবকরা তাদের সন্তানদের মেধা বৃদ্ধির জন্য এ বিদ্যালয়ে ভর্তি করিয়ে থাকেন। ১৯৮৮ সালে তৎকালীন খুলনা বিভাগের (বর্তমান খুলনা ও বরিশাল বিভাগ মিলে) শ্রেষ্ঠ বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান হিসেবে এ বিদ্যালয়টি নির্বাচিত হয়। জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত এ বিদ্যালয়ে প্রধান শিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেছেন তৎকালীন যশোর বোর্ডের মধ্যে একমাত্র বেসিক ইংরেজি বইয়ের লেখক বাবু মহারাজ [illegible]। বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন রাষ্ট্রের গুরুত্বপূর্ণ পদে রয়েছেন অত্র বিদ্যালয়ের শিক্ষার্থীরা।

মডেল স্কুল এন্ড কলেজে রূপান্তর করা হয়েছে। এ বিদ্যালয়ে বর্তমানে মাধ্যমিকে ১৪শ' ছাত্রছাত্রী এবং উচ্চ মাধ্যমিকে ৪শ' শিক্ষার্থী রয়েছে। শুধু শিক্ষা নয়, সাহিত্য-সংস্কৃতিসহ সবক্ষেত্রেই পালরদী মডেল স্কুল এন্ড কলেজের সুনাম আজ দেশজুড়ে। সারাদেশের মডেল স্কুল এন্ড কলেজগুলোকে সরকারি ঘোষণা করা হলেও আজও পালরদী মডেল স্কুল এন্ড কলেজকে সরকারি ঘোষণা করা হয়নি।